গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাননীয় মন্ত্রীর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**বাংলাদেশ ডিজিটাল ভূমি জরিপ কার্যক্রম প্রসঙ্গে**

# গণবিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি **'৩৩৬ কোটি টাকা ব্যয়ের পর বাতিল হচ্ছে ডিজিটাল ভূমি জরিপ প্রকল্প'** কিংবা **'Digital Land Survey Scrapped'** মর্মে **ভুয়া খবর/গুজব** বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে/ইন্টারনেটে ছড়িয়ে পড়েছে। এই ধরণের ভুয়া খবর/গুজব জনমনে বিরূপ প্রভাব ও বিভ্রান্তি সৃষ্টি করছে - যা মোটেই কাম্য নয়। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে বিভ্রান্ত না হওয়ার জন্য অনুরোধ জানানো হচ্ছে;

২। প্রকৃত তথ্য হচ্ছে বাংলাদেশ ডিজিটাল ভূমি জরিপ কার্যক্রম (বাংলাদেশ ডিজিটাল সার্ভে প্রোগ্রাম/বিডিএস প্রোগ্রাম) চলমান রয়েছে;

৩। সমগ্র বাংলাদেশে দক্ষভাবে জরিপ পরিচালনা করার উদ্দেশ্যে 'বাংলাদেশ ডিজিটাল সার্ভে' প্রোগ্রাম মূলত দুইটি প্রকল্পের মাধ্যমে সম্পাদন করা হচ্ছিল। এর একটি হচ্ছে *'ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ করার জন্য ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ডিজিটাল জরিপ পরিচালনার সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প'* (সিডিপি প্রকল্প) এবং অপরটি হচ্ছে *'ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপের মাধ্যমে ৩টি সিটি কর্পোরেশন, ১টি পৌরসভা এবং ২টি গ্রামীণ উপজেলার ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা পদ্ধতি স্থাপন প্রকল্প'* (ইডিএলএমএস প্রকল্প);

৪। সিডিপি প্রকল্পে ৩৩৬ কোটি টাকা ব্যয় করা হয়েছে বলে গুজবে দাবী করা হলেও প্রকৃতপক্ষে প্রকল্পে গাড়ি, অফিস সরঞ্জাম, কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা এবং প্রশিক্ষণে এ পর্যন্ত ব্যয় হয়েছে ৩ কোটি ৬৯ লক্ষ টাকা। দেখা যায় প্রকল্পের মোট ১ হাজার ২১২ কোটি ৫৫ লক্ষ টাকার বিপরীতে ৩ কোটি ৫৯ লক্ষ টাকা, অর্থাৎ ০.৩০ শতাংশ আর্থিক ব্যয় করে প্রকল্পের ভৌত অগ্রগতি হয়েছে ০.২৮ শতাংশ। প্রসঙ্গত, সিডিপি প্রকল্পের আওতায় পটুয়াখালীর ইটবাড়িয়া মৌজায় ইতোমধ্যে পরীক্ষামূলক জরিপ কাজও শেষ হয়েছে;

৫। উপরন্তু, উল্লিখিত প্রকল্প কার্যক্রমের শুরু থেকেই সামসময়িক সময়ে সারা দেশে বৈশ্বিক মহামারি করোনা ভাইরাসের প্রকোপ শুরু হলে এর অগ্রগতি মারাত্মকভাবে ব্যাহত হয়। এছাড়া, প্রায় ১ বছর প্রকল্পটি 'গ' ক্যাটাগরির প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত থাকার ফলে কোন বাস্তব অগ্রগতি সম্ভব হয়নি। শুধুমাত্র চলমান অর্থবছরে এ প্রকল্পের বিপরীতে অর্থ বরাদ্দ পাওয়া যায়। যেহেতু প্রকল্পটি সংশোধনের প্রস্তাব করা হয়, বিধায় কোন ভৌত ও আর্থিক অগ্রগতি প্রচেষ্টা চালানো হয়নি। সিডিপি প্রকল্প স্টাডি করে অধিকতর দক্ষ করে নতুনভাবে প্রস্তাব করা হবে;

৬। পক্ষান্তরে, ইডিএলএমএস প্রকল্পটি দক্ষিণ কোরিয়া সরকারের আর্থিক ও কারিগরি সহায়তায় ৫টি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সহায়তায় ভূমি মন্ত্রণালয় বাস্তবায়ন করছে। যার অগ্রগতি ২৪% এর উপরে। অর্থাৎ বাংলাদেশ ডিজিটাল ভূমি জরিপ কার্যক্রম বর্তমানে পুরোদমে চলমান। নারায়ণগঞ্জ, মানিকগঞ্জ ও চট্টগ্রামে এই প্রকল্পের মাধ্যমে মাঠ পর্যায়ে বিডিএস কার্যক্রম চলছে;

৭। অনলাইনে ভূমি বিষয়ক যেকোনো বিভ্রান্তিকর সংবাদ/তথ্য দেখলে তা যাচাই করতে ভূমিসেবা হটলাইন ১৬১২২ (বিদেশ থেকে +৮৮০-৯৬১২৩-১৬১২২) নম্বরে কল, অথবা সামাজিক যোগাযোগ মাধ্যমে ভূমিসেবা পেজে (www.facebook.com/land.gov.bd) কমেন্ট কিংবা মেসেজ (বার্তা) প্রেরণ, কিংবা ভূমি মন্ত্রণালয়ের দাপ্তরিক পোর্টালে (minland.gov.bd) ভিজিট করা যেতে পারে। এছাড়া, সামাজিক যোগাযোগ মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ের দাপ্তরিক পেজেও (www.facebook.com/ minland.gov.bd) নিয়মিত তথ্য আপডেট করা হয়;

৮। উল্লেখ্য, উদ্দেশ্যপ্রণোদিত ভাবে ভুয়া খবর/গুজব ইন্টারনেটে কিংবা অন্য কোনো মাধ্যমে প্রচার করা বাংলাদেশের প্রচলিত আইনে শাস্তিযোগ্য অপরাধ।

27/12/2023

(সৈয়দ মোঃ আব্দুল্লাহ আল নাহিয়ান)
জনসংযোগ কর্মকর্তা
ভূমি মন্ত্রণালয়
ফোন: +৮৮০-২-৫৫১০০৪৭৪
ইমেইল: pro@minland.gov.bd